22 MAY 2016

তারিখ ····· 22 MAY 2016

পৃষ্ঠা ···৩··· কলাম···৩···

দৈনিক ইত্তেফাক

# বান্দরবান ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজে শতভাগ উত্তীর্ণ

■ বান্দরবান প্রতিনিধি

বান্দরবান ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ থেকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করা শিক্ষার্থীরা এবারও শতভাগ পাস করেছে। তিন পার্বত্য জেলায় প্রতিষ্ঠানটি থেকে এককভাবে শিক্ষার্থীরা সর্বাধিক জিপিএ-৫ পেয়েছে। বিজ্ঞান বিভাগে ৪৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৩২ জন, ব্যবসায় শিক্ষা বিভাগ ৩৩ জন শিক্ষার্থীর মধ্যে ৭ জন জিপিএ-৫ পেয়েছে। পাহাড়ের বুকে আলোর প্রত্যয় নিয়ে ২০০৮ সালে গড়ে উঠে বান্দরবানের এই শিক্ষা প্রতিষ্ঠানটি। ২০০৯ থেকে ২০১৬ সাল পর্যন্ত এসএসসি পরীক্ষায় প্রতিবারই এই প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা শতভাগ পাসের কৃতিত্ব দেখিয়েছে। শুধু ২০১১ সালে একজন ছাত্র অকৃতকার্য হয়েছিল। প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল মো. ফখরুল আহসান পিএসসির দক্ষ পরিচালনা, শিক্ষার ভালো পরিবেশ, দক্ষ শিক্ষক, নিবিড় তত্ত্বাবধান, অভিভাবকদের সহযোগিতা সর্বোপরি শিক্ষার্থীদের ঐকান্তিক চেষ্টাই ভালো ফলাফলের মূল কারণ বলে জানান অধ্যক্ষ মেজর দিলীপ কুমার রায় এইসি।